

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক কমিটির  
জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ১১/০৭/২০২৩ ইং।

সময় : ১২.০০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শ্রীমঙ্গল সভায় জানান যে, বর্তমানে উপজেলায় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কাজ ভাল ভাবে চলছে। এ কাজে স্থানীয় জনপ্রতিনিধিসহ সর্বস্তরের জনগন সহযোগিতা করছে। অত্র কমিটির কাজ যেন ভালভাবে হয়, সে বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি গুরুত্বরূপ করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে ইতিবাচক মত প্রকাশ করেন।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১১/০৭/২৩  
(মিতালী দত্ত)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।